

বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতি'র রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তী উদযাপন

অন্যান্য বছরের ন্যায় এবছরও বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতি (বি,এস,পি,সি) কর্তৃক ১৬ই মে যথাযত মর্যাদায় রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তী উদযাপিত হয়। বাংলাদেশ সোসাইটির প্রবাসে সুস্থ সংস্কৃতি লালনে এই ব্যতিক্রম ধর্মী উদ্যোগ এবছর বিভিন্ন দিক থেকে বিশেষ তাৎপর্য বহন করে। এই আয়োজনে এবছর এ্যাশফিল্ড পোলিশ ক্লাবে উপচে পড়া এপার বাংলা-ওপার বাংলার বাঙ্গালি শিল্পী ও দর্শকদের উপস্থিতি প্রমান করে সংস্কৃতির কোন ভৌগলিক ও ধর্মীয় সীমারেখা নেই এবং রবীন্দ্র-নজরুল-সুকান্ত আমাদের সংস্কৃতির শিকরেই প্রথিত।

এসকল অনুষ্ঠানে নতুন প্রজন্মের অন্তর্ভুক্তির কৌশল হিসেবে অনুষ্ঠানের প্রাথমিক পর্যায়ে শিশু-কিশোরদের উন্মুক্ত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগীতা এবং শেষাংশে কবিগুরু রবি ঠাকুরের লেখা হাসির নাটক, “রোগের চিকিৎসা” দর্শকদের বিশেষ প্রশংসা কুড়াতে সক্ষম হয়। শিশু-কিশোরদের নাটকটি পরিচালনা করেন শ্রীমতি শুভ্রা মিত্র। সিডনীস্থ বিশিষ্ট শিল্পীবৃন্দের পরিবেশিত রবীন্দ্র, নজরুল, সুকান্ত-এর রচিত গান, নাচ ও কবিতায় অনুষ্ঠানটি এক ভিন্নমাত্রা যোগ করে। অনুষ্ঠানে শ্রী ইন্দ্রনীল ভট্টাচার্যের পরিবেশিত শ্রুতিনাটক দর্শকদের বিশেষ দৃষ্টি আকর্ষনে সমর্থ হয়। বি,এস,পি,সি-র শিল্পীদের পরিবেশনায় ৩টি গনসংগীতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

নিউ সাউথ ওয়েল্স সরকারের মাননীয় মন্ত্রী ভার্জিনিয়া জাজ এই সুন্দর অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে

আমাদের সংস্কৃতি লালনে সরকারের আগ্রহ ও পূর্ন
সহযোগীতার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতির সুস্থ সংস্কৃতি লালনে
এই ব্যতিক্রম ধর্মী উদ্যোগকে আমরা স্বাগত জানাই।